# পাইকগাছা উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মাহেরা নাজনীন,প্রশাসক,উপজেলা পরিষদ
পাইকগাছা,খুলনা।
তারিখ : ২৪/০২/২০২৫ সোমবার।
সময় : সকাল ১১.৩০ টা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,পাইকগাছা উপজেলা খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মুলোক কাজ বাস্তবায়ন হচ্ছে। উপকূলীয় জেলা সমূহের বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প ও সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর নির্মান কাজ চলমান আছে। এছাড়া মানব সম্পদ প্রকল্পের আওতায় স্মল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীপ এর নির্মান কাজ শুরু হয়েছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সঠিক সময়ে কাজ সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) |
| ২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,২০২৪-২৫ অর্থবছরে একটি এইচ বিবি রাস্তার বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে টেণ্ডার কার্যক্রম প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | যথা সময়ে কাজ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান।<br>৩। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ। |
| ৩। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান ফেব্রুয়ারী/২৫ মাসে বহিঃ বিভাগে রোগীর সংখ্যা পাইকগাছা হাসপাতালে ৪৬৬৯ জন, আন্তঃবিভাগে রোগীর সংখ্যা ৬৪০ জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১০৮৭ জন। বেডঅকুপেন্সী রেট, ১১৬.৭৯%। এএনসি প্রসব পূর্ববর্তী সেবার সংখ্যা ২২৪ জন। পিএনসি সেবার সংখ্যা ৮০ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা ১৫ জন, হাসপাতালে সিজারিয়ান অপারেশনের সংখ্যা ০৮ জন। ওআরটি কর্ণারের রোগীর সংখ্যা ১৫৪ জন, শিশু জন্মের সংখ্যা ২৫৪জন। যক্ষা রোগীর সংখ্যা ৪৪ জন। এ ছাড়া ও তিনি জানান তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। সঠিক সময় সঠিক সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ৪। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে ফেব্রুয়ারী/২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৫৯,৬৩২ জন। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭,৩৭৬। সি.এ.আর ৭৯.৪৬%। পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে ০২জন (পুরুষ-০, মহিলা-২)। আই,ইউ,ডি ১৯ জন। ইনজেকশান দেওয়া হয়েছে ৮২৫ ভায়াল। খাবার বড়ি ৬৮৬৩ চক্র এবং কনডম ৮০৪০ পিচ বিতরণ করা হয়েছে। ইমপ্লান্ট ৩৯ জন। মা ও শিশুর স্বাস্থ্য সেবায় গর্ভবতী সংখ্যা-১১৮৫এ,এন,সি-১৬২ জন, পিএনসি-৬৪ জন, ডেলিভারি-১ জন, সিএসবিএ কর্তৃক- ০৮। জীবিত জন্ম ১৭৮ জন, শিশুস্বাস্থ্য সেবা কেন্দ্রে ৪৮০ জন,কেন্দ্রের বাইরে ১২১ জন,সাধারণ রোগী ৩৬৫৫ জনকে সেবা দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | সঠিক সেবা প্রদান করতে হবে। মেডিকেল অফিসারগণ যেন মানুষকে যথাযথ সেবা প্রদান করেত পারেন তার ব্যবস্থা করতে হবে। | উপজেলা.পরিবার পরিকল্পনা কর্মকর্তা,পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি অফিস। | উপজেলা কৃষি অফিসার জানান, বীজ সার প্রণদনা প্রেরণ করছেন। প্রেরিত সার বীজ সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে। এ ছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কৃষকদের নতুন প্রযুক্তির প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সার্বিক সহযোগিতা করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পাইকগাছা। |
| ৬। | উপজেলা প্রাণি সম্পদ অফিস। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান,ফেব্রুয়ারী/২৫ মাসে গবাদি প্রাণি ১৯৪০ মাত্রা, হাঁস-মুরগী ১৭৫০ মাত্রা টিকা দান সম্পন্ন করা হয়েছে। গবাদি প্রাণি ২৬৫০ টি ও হাঁস মুরগী ৬৭০৭৯ টিকে চিকিৎসা দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন সংখ্যা ৬৩০টি ও কৃত্রিম প্রজননে বাচ্চা জন্মের সংখ্যা ৩৩৫টি। টিকা বীজ বিক্রয় বাবদ ২৬,৭৩০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৪৭২৫০/- টাকা রাজস্ব আয় হয়েছে। মুরগীর খামার পরিদর্শন করা হয়েছে ০৫ টি,গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ১৪ টি। এ'ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত কার্যক্রমের পাশাপাশি জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার পাইকগাছা। |
| ৭। | উপজেলা মৎস্য অফিস। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,সামুদ্রিক মৎস্য বিধিমালা ২০২৩ মোতাবেক সুমদ্রে মৎস আহোরণের নিমিত্তে মৎস্য অর্টিসানাল মৎস্য নৌযানের মৎস্য আহোরণের অনুমতিপত্র বাধ্যতামূলক করা হয়েছে। এ ক্ষেত্রে নৌযান মালিকদের অনুকুলে অনুকুলে মৎস্য আহোরণের অনুমতিপত্র ইস্যু করা হবে এবং নৌযানের মালিকানা. নির্ধারনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভা প্রত্যয়ন করিবেন। নিরাপদ মৎস্য ও মৎস্যপন্য পরিদর্শন ও মান নিয়নন্ত্রন আইনে চিংড়ীমাছে অপদ্রব্যপুশ অভিযান পরিচালিত হচ্ছে। অবৈধজাল নির্মুলের অভিযান পরিচালিত হচ্ছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্দে ওসি পাইকগাছা থানা এবং সকল ইউপি চেয়ারম্যান ব্যবস্থা নিবেন। | সিনিয়র.উপজেলা.মৎস্য কর্মকর্তা পাইকগাছা,ওসি পাইকগাছা,ইউপি চেয়ারম্যান সকল। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে জানুয়ারী/২৫ মাসে তিনি ৯টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ৫৭টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। এ ছাড়া বিভিন্ন বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ পরিদর্শন করা হয়। | মান সম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বলা হল। | উপজেলা শিক্ষা অফিসার,পাইকগাছা। |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায়ের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকল ইউপি,চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ১। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান(সকল) |
| ১০ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে ৩টি সমিতির নিবন্ধনের প্রক্রিয়া চলমান আছে। এছাড়া তার অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | আশ্রয়নপ্রকল্প(২)প্রতিটা স্থানে দ্রুত সমবায় সমিতি গঠনের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী/২৫ মাসে ডাটা এন্ট্রির কাজ বয়স্ক ৫০৯৯,বিধবা ২২৬২,প্রতিবন্ধী ২১৬ জনের তথ্য এমআইএস এ প্রদান করতে সক্ষম হয়েছি। আরএসএস এর ঋণ আদায়ের হার ৯১%। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ আদায়ের হার ৯৭%। প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ আদায়ের হার ৭৪%, আশ্রয়ন ৬০% চলতি অর্থবছরে ৬৫০৮ জনকে বয়স্ক ভাতা, ১২১৬ জনকে প্রতিবন্ধী ভাতা,৩০৩০ জনকে বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, ১৭৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং দলিত হরিজনদের শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে ২০ জনকে। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | সঠিক সময় সঠিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ চক্রের ২৫৮০ জন(ভি ডব্লিউ বি)উপকার ভোগীদের মধ্যে প্রতি মাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। চলতি মাসে মাও শিত সহায়াতা কর্মসূচির আওতায় ৭৩ জন ভাতা ভোগীকে চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। চলতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধ,নারী ও শিত নির্যাতন,পাঁচার প্রতিরোধে ২টি সচেতনমূলোক উঠান বৈঠাক করা হয়েছে। ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১১টি ক্লাবে ভর্তি হওয়া ৩৩০ জন কিশোর কিশোরীকে সংগীত,আবৃত্তি,ক্যারাতে এবং বিভিন্ন সমাজিক সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাইকগাছা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পাইকগাছা উপজেলায় বিআরডিবিভুক্ত সমিতি/দলের সংখ্যা ৩৩৮টি। সদস্য সংখ্যা ২২২৯৩ জন। বিআরডিবি'মূল কর্মসূচীর বর্তমান বর্ষে ঋণ বিতরণ হয়েছে ৩৭.১০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫৭১৯.৬৫ লক্ষ টাকা। ২০১৮ -১৯ অর্থ বছয়ে ঋণ আদায় ৯৫.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৫১৬৬.৯০ লক্ষ টাকা। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ১২০.৬০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৭% টাকা। তিনি বলেন উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বি আর ডিবির(জোড়া বাড়ী) দুইটি ভবন আছে। অত্যন্ত জরাজীর্ণ এবং ঝূঁকিপূর্ণ হওয়ায় যে কোন সময় ভেঙ্গে পড়ে বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। এ জন্য তিনি ভবন দুটি পরিত্যাক্ত ঘোষনা করা একান্ত প্রয়োজন বলে জানান। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋন বিতরণের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাইকগাছা।<br>২। উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা.অফিস। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে নতুন বই বিতরনের কাজ চলমান আছে। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১।শিক্ষা প্রতিষ্ঠান সমূহ যথা সময়ে পরিদর্শন করে শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে হবে। ২। প্রতিটা বিদ্যালয়ে লাইব্রেরী চালু রয়েছে কিনা সেটি নিশ্চিত করেত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা বলেন, পাইকগাছা উপজেলায় সামাজিক বনায়পনা আওতায় বন বিভাগ কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরে ১৫ কিঃমিঃ বাগান সৃজনের পরিকল্পনা রয়েছে। এ ছাড়া বন্য প্রানী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ অনুযায়ী অতিথি পাখি কেই যাতে শিকার না করতে পারে এ জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | গাছ লাগানোর উপর গুরত্ব দিতে হবে। | বণ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ১৬ | পল্লী সঞ্চয় ব্যাংক, পাইকগাছা শাখা খুলনা। | উপজেলা শাখা ব্যাবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ক্ষুদা ও দারিদ্র বিমোচনের জন্য আগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে পাইকগাছা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ট ভাবে পরিচালিত হচ্ছে। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম এখন অনলাইন ভিত্তিক মোট সমিতির সংখ্যা ২৯৫টি। পল্লী সঞ্চয় ব্যাংকের মোট সদস্য সংখ্যা ১১,৪২৭ জন,পুরুষ ৪১২৫ জন, সঞ্চয় জমা আছে ১৩কোটি টাকা। মোট ঋণ বিতরন করা হয়েছে ৭০ কোটি টাকা। আদায়ের হার ৮০% আদায় কার্যক্রম ১০০%করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য বলা হল। | শাখা ব্যাবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ১৭ | উপজেলা প্রকৌশল অফিস,পাইকগাছা, খুলনা। | উপজেলা প্রকৌশল সভায় জানান যে ২০২৪-২৫ অর্থবছরে এডিপির ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। সকল ইউনিয়ন পরিষদ এবং উপজেলা পরিষদথেকে নির্দেশিকা অনুযায়ী প্রকল্পের তালিকা পরিশিষ্ট "ক" এ দ্রষ্টব্য। | নিদিষ্ট সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পাইকগাছা, খুলনা। |

CamScanner

০১) যৌতুক,বাল্য বিবাহ,জন্ম ও মৃত্যুসংক্রান্ত আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, যৌতুক,বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য ইউনিয়ন পর্যায়ে জনসমাবেশের আয়োজন করা যেতে পারে। তিনি সকল জন্ম নিবন্ধন অনলাইনে করা এবং একই সাথে যথাযথ ভাবে মৃত্যু নিবন্ধন শত ভাগ নিশ্চিত করার জন্য পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রতি আহবান জানান।

সিদ্ধান্ত ঃ মাদক দ্রব্য, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে জারী গান ও জনসমাবেশের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হবে এবং অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা হবে। বাস্তবায়নেঃ পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ।

২) জানুয়ারী/২০২৫ মাসের রাজস্ব আয়ঃ

| প্রাপ্তির বিবরণ | টাকার পরিমান |
|---|---|
| ১। ১% ভূমি হস্তান্তর কর বাবদ আদায়। | ১২০৫৫৮৫.১৫/-টাকা। |
| ২। দোকান ভাড়া | ৬,৫০০/-টাকা। |
| ৩। মাইক্র স্টাণ্ড ভাড়া | ৫০,০০০/-টাকা। |
| ৪। বাসষ্ট্যাণ্ড ভাড়া | ১৫,০০০/-টাকা। |
| ৫। ঘরভাড়া | ১২০০/-টাকা। |
| মোট আয় ঃ | ১২,৭৮,২৮৪.১৫টাকা। |

৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জানুয়ারী/২০২৫ মাসের ব্যয়ঃ

| | |
|---|---|
| ১। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ২৯,৩৩৩/-টাকা। |
| ২। আপ্যায়ন ও আনুষংগিক বাবদ ব্যয়। | ৩০,৬২৫/-টাকা |
| ৩। মহান বিজয় দিবস উৎযাপন ব্যয় বাবদ। | ৪৩,৭৩৪/-টাকা |
| ৪। বিদ্যুৎ বিল বাবদ ব্যয়। | ১,৪১,৩২৪/-টাকা। |
| মোট ব্যয় | ২,৪৫,০১৬/-টাকা। |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ আলোচনা ঃ

| ক্রমনং | বিভাগ/সংশ্লিষ্ট অফিস প্রধানের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | প্যানেল চেয়ারম্যান দেলুটি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান দেলুটি ইউপি বলেন,গত ২৮/০১/২০২৫ ইং তারিখের মাসিক সভায় এডিপির আওতায় ৪নং দেলুটি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের দেলুটি মাধ্যমিক বিদ্যালয় হতে পূর্বপাড়া খেয়াঘাট অভিমুখে রাস্তাটি ইটের সোলিং দ্বারা উন্নয়ন রাস্তাটি অনুমোদন দেওয়া হয়। উক্ত প্রকল্পটি ১% থেকে বরাদ্দ দেওয়ায় প্রকল্পটি এডিপি থেকে বাতিল পূর্বক পুনরায় নিম্নলিখিত প্রকল্পটি অনুমোদন দেওয়ার প্রস্তাব করেন।<br><br>ক) ৪নং দেলুটি ইউনিয়নের দিপুরায়ের বাড়ী থেকে দারুন মল্লিক মাধ্যমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা সংস্কার - ২,০০,০০০/- | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২। | প্যানেল চেয়ারম্যান চাঁদখালি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান চাঁদখালি ইউনিয়ন পরিষদ বলেন,চাঁদখালি বহুমুখি মাধ্যমিক বিদ্যালয় থেকে চাঁদখালি বাজার মন্দির অভিমুখে রাস্তাটির অবস্থা খুবই খারাপ ঐ রাস্তাটি সংস্কার করার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৩ | চেয়ারম্যান ভারপ্রাপ্ত সোলাদানা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ভারপ্রাপ্ত সোলাদানা ইউপি বলেন সোলাদানা ইউনিয়নের সাবেক চেয়ারম্যানের বাড়ির পার্শ্ববর্তি এলাকার ভেড়িবাঁধের অবস্থা খুবই খারাপ যে কোন সময় বাঁধ ভেঙ্গে প্লাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া সোলাদানা ইউনিয়নে দুইটি স্লুইস গেটের অবস্থা খুবই খারাপ গেট দুটি অতিদ্রুত সংস্কার করার প্রস্তাব করেন। | পানি উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৪। | প্যানেল চেয়ারম্যান লস্কর ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান লস্কর ইউপি বলেন,বাইনতলা থেকে বগুলারচক অভিমুখি রাস্তার অবস্থা খুবই খারাপ অতিদ্রুত রাস্তাটির সংস্কারের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী নীতি মালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। | উপজেলা প্রকৌশলী বলেন,২০২৪-২৫ অর্থ বছরে এডিপির আওতায় ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে প্রেরিত বরাদ্দের আলোকে ৩য় এবং ৪র্থ কিস্তি বরাদ্দ যোগ করে মোট ১,২০,৭২০০০/-(এক কোটি বিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকার প্রকল্প গ্রহন করার বিধান রয়েছে। ২৮/০১/২০২৫ তারিখে এডিপির মাসিক সভায় প্রকল্প অনুমোদন করা হয়েছে। প্রকল্প অনুমোদন কল্পে দেখা যায় উক্ত মাসিক সভার প্রকল্পে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বেশি প্রকল্প গ্রহণ করা হয়েছে যা বিধি বর্হিভূত।"সোলাদানা ইউনিয়নে সোলাদানা UZR আমুরটাকা ভেড়িবাঁধের অংশ সংস্কার প্রকল্পটি বাতিল করার প্রস্তাব করেন। অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পটি বাস্তবায়ন করার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে প্রকল্পটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬। | কমান্ডার মুক্তিযোদ্ধা সংসদ। | কমান্ডার মুক্তিযোদ্ধা সংসদ বলেন, গড়ইখালি,কয়রা থেকে প্রতিদিন হাজার হাজার লোক বাসাখালির উপর দিয়ে পাইকগাছায় যাতায়াত করে থাকে বাসাখালি ওয়াপদা রাস্তার অবস্থা খুবই খারাপ উক্ত রাস্তাটি অতিদ্রুত সংস্কার করার প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

৭। উপজেলা নির্বাহী অফিসার বলেন, বাংলা ১৪৩২ বঙ্গাব্দের জন্য ২৩টি হাটবাজার ইজারা প্রদান করা হয় উক্ত হাটের মধ্যে হইতে ১ম এবং ২য় পর্বের ইজারা সম্পন্ন হওয়ায় নিম্ন লিখিত হাটগুলো অনুমোদনের প্রস্তাব করেন।

| হাটবাজারের নাম | সরকারি মূল্য | প্রাপ্ত দর | ইজারাদারের নাম | মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| চৌমুহনী হাট | ৩০,৪৯৬/- | ৩৫,৫৫০/- | মো: আব্দুর রাজ্জাক গাজী পিং-মৃত জবেদ আলী গাজী সাং-উত্তর গড়েরআবাদ | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| বাইনতলা হাট | ১৫,২১৪/- | ১৫,২১৪/- | মো: শহিদুর রহমান পি - মো: ইউনুছ আলী সাং-লস্কর, পাইকগাছা | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| চারবান্দা হাট | ৩৪,৪৫১/- | ৩৫,০০০/- | গাজী শহিদুল ইসলাম পিং- মৃত কওছার আলী গাজী সাং-পাবয়াঝাপা | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| মিনহাজ হাট | ২৪,৯৬১/- | ২৫,১১১/- | মো: আব্দুস সালাম পিং- মো: এবাদুল গাজী সাং- খড়িয়া | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| চাঁদখালী হাট | ৪৯,০৬,৮০০/- | ৬১,২০,০০০/- | শেখ আল হেলাল পিং-শেখ আবু জাফর সাং-৯৯ সাউথ সেন্ট্রাল রোড, খুলনা | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| ফুলবাড়ি হাট | ১,১০,৯৮৬/- | ১,৩৭,২১০/- | মো: শওকত আলী শেখ পি-মো: জালাল উদ্দীন শেখ সাং-বারআড়িয়া বটিয়াঘাটা | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| লতা হাট | ১৩,৮১৬/- | ১৮,৬০০/- | মো: সেলিম মোড়ল পি-এবাদুল মোড়ল সাং-কাশিমনগর | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| কাঠামারী হাট | ১৩,২২৫/- | ২৪,৬০০/- | মো: সেলিম মোড়ল পি-এবাদুল মোড়ল সাং-কাশিমনগর | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| শামুকপোতা হাট | ৫৩,৮২৩/- | ৮৫,৬০০/- | মো: সেলিম মোড়ল পি-এবাদুল মোড়ল সাং-কাশিমনগর | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| কপিলমুনি হাট | ২৩,৬৩,৫৯৮/- | ৩১,৫৫,০০০/- | শেখ সোহাগ হোসেন পিং-শেখ আব্দুল মান্নান সাং-হরিদাশকাটি | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |
| কাশিমনগর হাট | ৩,২৭,২২৭/- | ৭,১০,০০০/- | মো: সাহিদ গাজী পিং-মৃত-সামতুল্লাহ গাজী সাং-কাতিয়ানাংলা বটিয়াঘাটা | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |

CS CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কাটাখালী হাট | ৫৭,২৯৮/- | ৭৩,০০০/- | মোঃ ইসমাঈল মালী<br>পিং-লতিফ মালী<br>সাং-কৃষ্ণনগর, পাইকগাছা | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সিদ্ধান্ত ক্রমে উল্লেখিত হাটগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। চেয়ারম্যান ভারপ্রাপ্ত সোলাদানা ইউপি বলেন, পাইকগাছা উপজেলায় অনিয়ন্ত্রিত ভাবে লোনা পানি উত্তোলনের ফলে লোনাপানি বেষ্টিত এলাকায় কোটিকোটি টাকা ব্যয়ে নির্মিত সরকারি রাস্তা ক্ষতিগ্রস্ত হচ্ছে।সুনিয়ন্ত্রিত ভাবে লোনা পানি উত্তোলন/নামানো/জলাবদ্ধতা নিরাসন/ স্লুইস গেট পরিচালনার জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন । উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড উল্লেখ করেন পর্যাপ্ত গেটম্যান না থাকায় পানি উন্নয়ন বোর্ডের পক্ষে সার্বিক তদারকি করা সম্ভব হচ্ছে না। তিনিও কমিটি গঠনের পক্ষে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সিদ্ধান্ত ক্রমে সুচারু রূপে সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রমিক নং | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | পদবী |
|---|---|---|
| ০১। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক, পাইকগাছা, খুলনা | আহবাহক |
| ০২। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাইকগাছা, খুলনা | সদস্য |
| ০৩। | ইউনিয়ান পরিষদের যে কোন একজন সদস্য/মহিলা সদস্য | সদস্য |
| ০৪। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি | সদস্য |
| ০৫। | সংশ্লিষ্ট ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৬। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ট্যাগ অফিসার | সদস্য |
| ০৭। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সংশ্লিষ্ট ইউনিয়ন) | সদস্য |
| ০৮। | থানার প্রতিনিধি, পাইকগাছা থানা | সদস্য |
| ০৯। | শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ১০। | মৎস্য ঘের প্রতিনিধি | সদস্য |
| ১১। | কৃষক প্রতিনিধি | সদস্য |
| ১২। | ছাত্র প্রতিনিধি | সদস্য |
| ১৩। | প্রশাসনিক কর্মকর্তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ | সদস্য সচিব |

০৯। উপজেলা প্রকৌশলী বলেন,২৯/০৯/২০২৪ তারিখের মাসিক সভার অনুমোদন সাপেক্ষে ২৮/১০/২০২৪ ইং তারিখে ০৫.৪৪.৪৭৬৪.০০১.০৩.০০০৫.২৪-১০৭৮ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত,উপজেলা পরিষদের অভ্যন্তরে ডরমেটরী মেরামত ও নন গেজেটেড কোয়াটার মেরামতের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়। প্রেরিত পত্রের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রনালয় থেকে ২৩/০১/২০২৫ তারিখে ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪.৪৭৫ নং স্মারকে পাইকগাছা উপজেলা পরিষদের অভ্যন্তরে সংস্কারের জন্য ৪০.০০লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। পূর্বের প্রাক্কলন থেকে বর্তমানে প্রাপ্ত বরাদ্দে অর্থের পরিমান বেশি হওয়ায় পুনরায় প্রকল্প গ্রহন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা অবশ্যক। নিম্ন লিখিত প্রকল্প গুলো বাস্তবায়নের প্রস্তাব করেন।

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত। | ৬,৭৬,৭৮৬/- | RFQ |
| ২। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউণ্ডারী ওয়াল,অভ্যন্তরিণ টয়লেট,ড্রেন সহ বিভিন্ন স্থাপনা মেরামত। | ৬,৮৮,১৩৪/- | RFQ |
| ৩। | উপজেলা পরিষদের মেইন ভবন রংকরন বিভিন্ন রুম সংস্কার ও উপজেলা পরিষদের মিলনায়তনের টয়লেট সংস্কার। | ৬,৫৪,৯৭৫/- | RFQ |
| ৪। | উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত ডরমেটরী মেরামত | ৬,৩৪,০৪৭/- | টেন্ডার(LTM)পদ্ধতি |
| ৫ | উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত নন গেজেটেড কোয়াটার মেরামত | ১৩,৪৬,৮৫৮/ | টেন্ডার(LTM)পদ্ধতি |
| | সর্বমোট টাকার পরিমান = | ৪০,০০,০০০/- | |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সিদ্ধান্ত ক্রমে প্রকল্প গুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২০২৫

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩- ৮৩৪ (৫০)

তারিখ ঃ ২৫/০২/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা
৪। উপজেলা ............................................ কর্মকর্তা, (সংশ্লিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। প্রশাসক/চেয়ারম্যান............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ............................................ ,পাইকগাছা , খুলনা।

২৫/০২/২০২৫

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।